# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**03 DECEMBER 2025** **7:45—7:55 PM**

---

(১) আসাম পুলিশ সহ গৃহ বিভাগের মোট পাঁচ হাজার ৮১৮ জন নব-নির্বাচিত প্রার্থীকে আজ নিযুক্তিপত্র প্রদান/

(২) জুবিন গর্গকে দেশের সর্বোচ্চ অসামরিক সম্মান ভারতরত্ন প্রদান করতে সাংসদ গৌরব গগৈর লোকসভায় আহ্বান/

(৩) আসাম বিশ্ববিদ্যালয়ের বিজনেস এডমিনিস্ট্রেশন বিভাগের একদল গবেষকের ফাইনান্স ইন্টেগ্রেটেড এক্সেস কন্ট্রোল ডিভাইস'এর উদ্ভাবনের জন্য ব্রিটেনের কাছ থেকে পেটেন্ট লাভ/

এবং

(৪) আর্ন্তজাতিক দিব্যাঙ্গ দিবস উপলক্ষে আজ রাজ্যের বিভিন্ন স্থানে নানা কার্যসূচীর আয়োজন/

---------------------------------------------------------------------------------

আসাম পুলিশ সহ গৃহ বিভাগের মোট পাঁচ হাজার ৮১৮ জন নব-নির্বাচিত প্রার্থীকে আজ নিযুক্তি পত্র প্রদান করা হয়েছে । গুয়াহাটির সরুসজাইয়ের অর্জুন ভোগেশ্বর বড়ুয়া ক্রীড়া প্রকল্পে আয়োজিত এক অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা এই নিযুক্তি পত্র সমূহ বন্টন করেন । এই উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে ভাষণ প্রসঙ্গে মুখ্যমন্ত্রী ডঃ শর্মা বলেন যে- নিযুক্তি প্রদানের ক্ষেত্রে রাজ্য সরকার ইতিমধ্যে পূর্বের প্রতিশ্রুতি পূরণ করতে সমর্থ হয়েছে । পূর্বে ঘোষণা করা এক লক্ষ নিযুক্তির স্থলে এপর্যন্ত এক লক্ষ ৪০ হাজার বেকার যুবক যুবতীকে চাকরি দেওয়া হয়েছে বলে উল্লেখ করে তিনি এই সম্পর্কে বিরোধী পক্ষের সমালোচনাকেও কটাক্ষ করেছেন । আগামী দুদিনের মধ্যে

পুনরায় পাঁচ হাজার পদের জন্য নতুন করে বিজ্ঞাপন প্রকাশ করা হবে বলে মুখ্যমন্ত্রী ডঃ শর্মা জানিয়েছেন । কোনো অর্থ না নিয়ে আসাম পুলিশে নিযুক্তি দেওয়া হয়েছে বলে তিনি উল্লেখ করেছেন। তিন বছর কষ্ট করার পর মেধাভিত্তিতে বহু দুঃস্থ পরিবারের সন্তান সরকারী চাকরী লাভ করেছে বলে তিনি জানান। আসাম, পুলিশের নতুন আইন অনুযায়ী কাজ করে যাওয়া প্রথম  রাজ্য বলে তিনি তাঁর ভাষণে উল্লেখ করেন ।

#বাইট#

উল্লেখ্য- আজ আসাম পুলিশের উপ-পরিদর্শক এবং সমপর্যায়ের পদে ১৫৬ জন, কনস্টেবল এবং সমপর্যায়ের পদে পাঁচ হাজার ৪১০ জন এবং চতুর্থ শ্রেণীর পদে ২৫২ জন প্রার্থী নিযুক্তি লাভ করেছেন । নির্বাচিত প্রার্থীদের মধ্যে পাঁচ হাজার দশ জন আসাম পুলিশে, ৪১১ জন আসাম পুলিশ ওয়্যারলেস সংগঠনে, ৩৬১ জন গৃহরক্ষী এবং অসামরিক প্রতিরক্ষায়, ২১ জন অগ্নি এবং জরুরিকালীন সেবায়, ১২ জন কারাগার কর্মী পদে এবং তিনজন ফরেনসিক বিজ্ঞান সঞ্চালকালয়ে নিযুক্তি লাভ করেছেন । চা-জনজাতি সম্প্রদায়ের জন্য সংরক্ষিত তিন শতাংশ পদে নির্বাচিত ১২০ জন প্রার্থীকে আগামী আটই ডিসেম্বরের মধ্যে নিযুক্তি পত্র প্রদান করা হবে । উল্লেখ্য- রাজ্যের পাঁচ হাজার ৫৫০ জন টেট উত্তীর্ণ শিক্ষককে আসাম সরকার ইতিমধ্যে নিযুক্তি পত্র প্রদান করেছে ।

---

লোকসভায় আজ বিরোধী দলের উপ-দলপতি গৌরব গগৈ প্রাণের শিল্পী জুবিন গর্গকে দেশের সর্বোচ্চ অসামরিক সম্মান ভারতরত্ন প্রদান করতে কেন্দ্রীয় সরকারের কাছে আহ্বান জানিয়েছেন । একইসঙ্গে তিনি প্রয়াত শিল্পীর মৃত্যুর উপযুক্ত তদন্ত করারও দাবি জানিয়েছেন । উল্লেখ্য- বিগত ১৯শে সেপ্টেম্বর সিঙ্গাপুরে অনুষ্ঠান করতে গিয়ে কিভাবে কিংবদন্তী শিল্পীর মৃত্যু হল, সেই সম্পর্কে তদন্ত করে তিনি শীঘ্র ন্যায় প্রদান করার আহ্বান জানিয়েছেন ।

---

আসাম বিশ্ববিদ্যালয়ের বিজনেস এডমিনিষ্ট্রেশন বিভাগের সহকারী অধ্যাপক ডঃ হবিবুর রহমান লস্কর এবং তাঁর দল ফাইনেন্স ইন্টিগ্রেটেড এক্সেস কন্ট্রল ডিভাইস অর্থাৎ ফিনটেক উদ্ভাবনের জন্য  ব্রিটেনের কাছ থেকে পেটেন্ট লাভ করেছে ।ব্রিটেনের ইন্টেল্যাকচুয়েল প্রপার্টি কার্যালয়এর পক্ষ থেকে এই পেটেন্টের জন্য -৬৪৮৭০৩১ একটি বিশেষ নম্বর প্রদান করা হয়েছে । উল্লেখ্য এর পূর্বে ডঃ লস্কর এবং তাঁর দল

গত বছর ২১ শে মার্চ ইক্যুইটি রিস্ক মেনেজমেন্ট ডিভাসের জন্য ভারতে পেটেন্ট লাভ করেছিল । আসাম বিশ্ববিদ্যালয়ের উপাচার্য এবং বিভাগীয় প্রধানরা এই সাফল্যের জন্য ডঃ লস্কর এবং তাঁর দলকে অভিনন্দন জানান ।

-----------------------------------------------------------------------------------

মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা আগামীকাল তামুলপুরে মহিলা উদ্যমিতা অভিযানের অধীনে ৩৫ হাজারেরও বেশি মহিলাকে চেক বিতরণ করবেন । জেলা প্রশাসনের এই কার্যসূচীর জন্যে পথালিকুচিতে যাবতীয় প্রস্তুতি সম্পূর্ণ করেছে । মুখ্যমন্ত্রীর আগমনের প্রতি লক্ষ্য রেখে ওই জেলায় নিরাপত্তা ব্যবস্থা জোরদার করা হয়েছে ।

-----------------------------------------------------------------------------------

রাজ্যের অরুণোদয় প্রকল্প এবং প্রধানমন্ত্রী উজ্জ্বলা যোজনার হিতাধিকারীরা আগামী মাস থেকে ৩০০ টাকা মূল্যে রান্নার গ্যাসের সিলিন্ডার লাভ করবেন ।উল্লেখ্য বর্তমানে প্রতিটি পরিবারের জন্য রান্নার গ্যাসের ভর্তুকী যুক্ত প্রতিটি সিলিন্ডার ৮৫০ টাকা করে । তবে প্রধানমন্ত্রী উজ্জ্বলা যোজনার অধীনের হিতাধিকারীরা বর্তমানে ৩০০ টাকা করে অতিরিক্ত ভর্তুকী লাভ করার ফলে সিলিন্ডারের মূল্য ৫৫০টাকা করে হয় । আগামী জানুয়ারী মাস থেকে হিতাধিকারীরা সরকারের পক্ষ থেকে আরও অতিরিক্ত ২৫০ টাকা করে ভর্তুকী লাভ করার ফলে তারা ৩০০ টাকা মূল্যে সিলিন্ডার লাভ করবেন ।

-----------------------------------------------------------------------------------

আজ আর্ন্তজাতিক দিব্যাঙ্গ দিবস । বিশেষভাবে সক্ষম লোকেদের সবলীকরণ, তাদের সার্বিক কল্যাণ এবং তাদের সাহসের প্রতি সম্মান জানানোর উদ্দেশ্যে এই দিবস পালন করা হয় । এই দিবস উপলক্ষে রাষ্ট্রপতি শ্রীমতি দ্রৌপদী মুর্মু আজ নতুনদিল্লিতে বিশেষভাবে সক্ষম লোকেদের সবলীকরণের জন্য উল্লেখযোগ্য অবদান রাখা ব্যক্তি এবং প্রতিষ্ঠান সমূহকে জাতীয় পুরস্কার প্রদান করেন ।

মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা আর্ন্তজাতিক দিব্যাঙ্গ দিবস উপলক্ষে সমাজের প্রত্যেক দিব্যাঙ্গ ব্যক্তিকে অভিনন্দন জ্ঞাপন করেছেন । আসাম সরকার দিব্যাঙ্গ ব্যক্তিদের কল্যাণে দিনরাত কাজ করে যাবে বলে তিনি প্রতিশ্রুতি দিয়েছেন ।

করুণাধারার সৌজন্যে কার্বি-আংলং জেলার ডিফু’তে আজ সারাদিনব্যাপী কার্যসূচীর মাধ্যমে এই দিবস পালন করা হয়েছে ।

বরাক উপত্যকার তিন জেলায়ও আজ বিভিন্ন কার্যসূচীর মাধ্যমে এই দিবস পালন করা হয়েছে ।

-----------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলায় আজ এই দিবস উপলক্ষে বিভিন্ন কার্যসূচি পালন করা হয়েছে । লায়ন্স ক্লাব অব লালার উদ্যোগে আজ বিশ্ব দিব্যাঙ্গ দিবস উপলক্ষে লালায় দিব্যাঙ্গদের মধ্যে কম্বল বিতরণ করা হয়েছে । এই উপলক্ষে ক্লাবের সদস্যরা লালা অঞ্চলের দিব্যাঙ্গ ব্যক্তিদের ঘরে ঘরে গিয়ে কম্বল তুলে দেন । পরে ক্লাবের সভাপতি নুরুল মজুমদারের পৌরহিত্যে আয়োজিত এক সভায় বিশ্ব দিব্যাঙ্গ দিবসের প্রাসঙ্গিকতা নিয়ে লালা শিক্ষা খন্ডের আধিকারিক তপন প্রজাপতি , লালা উচ্চতর মাধ্যমিক ও বহুমুখী বিদ্যালয়ের অধ্যক্ষ রথীন্দ্র নাথ প্রমুখ বক্তব্য রাখেন ।

কাছাড় জেলায় এই উপলক্ষে শিলচরের স্বেচ্ছাসেবী সংগঠন উজ্জ্বীবন স্প্যাসটিক সোসাইটির উদ্যোগে শিলচরে সংস্থার কার্যালয়ে এই বিষয়ক এক আলোচনা সভার আয়োজন করে । এছাড়া পরে সাংস্কৃতিক অনুষ্ঠানেরও আয়োজন করা হয় ।

---------------------------------------------------------------------------------------

ছাত্র সংগঠন এ আই ডি এস ও , যুব সংগঠন এ আই ডি ওয়াই ও , মহিলা সংগঠন এ আই এম এস এস এবং কিশোর-কিশোরীদের সংগঠন কমসোমলের যৌথ উদ্যোগে আজ শিলচরে শহীদ ক্ষুদিরাম বসুর ১৩৭তম জন্ম বার্ষিকী যথাযোগ্য মর্যাদায় পালন করা হয়েছে । এ উপলক্ষে আজ সকালে সংগঠনগুলির পক্ষ থেকে শহীদ ক্ষুদিরাম বসুর মূর্তির পাদদেশে শ্রদ্ধা জানানো হয়েছে । এছাড়া ক্ষুদিরাম স্মৃতি রক্ষা কমিটির পক্ষ থেকেও আজ শহীদ ক্ষুদিরাম বসুকে শ্রদ্ধা  জানানো হয় । পরে তাঁর জীবন সংগ্রাম ও আর্দশ নিয়ে একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

আসাম রেজিমেন্টের ১১৯ টেরিটোরিয়াল আর্মি ব্যাটেলিয়ানের উদ্যোগে আজ শিলচরে প্রাক্তন ও বর্তমান সেনাদের নিয়ে অটুট বন্ধন  উৎসব পালন করা হয়েছে । আজকের অটুট বন্ধন উৎসবে প্রায় ৬০ জন প্রাক্তন সৈনিক অংশগ্রহণ করেন । এই উৎসবে বর্তমান ও প্রাক্তন সৈনিকরা তাদের অভিজ্ঞতা এবং স্মৃতি পরস্পরের সঙ্গে ভাগ করে নেন ।

---------------------------------------------------------------------------------------

বি সি সি আই’র ১৯ বছর অনুর্দ্ধ মহিলাদের এক দিবসীয় ক্রিকেট টুর্ণামেন্টের জন্য বোকাখাতের তিন জন খেলোয়াড় আসাম দলে স্থান লাভ করেছে ।আগামী ১৩ ই ডিসেম্বর থেকে অনুষ্ঠেয় এই প্রতিযোগিতায় বোকাখাতের লক্ষীপ্রিয়া চেতিয়া , তিনামণি পাটগিরী এবং ডলি কার্ডঙ অংশগ্রহণ করবে বলে আকাশবাণীর বোকাখাতের সংবাদদাতা জানিয়েছেন ।